

৩১তম সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট

রিকার্ডো এ. ব্রাউন (Ricardo A. Brown) (D)

হাই আমার নাম Ricardo Brown, আমি একজন সনদধারী জনহিসাবরক্ষক। আমি ব্রাউন ইয়ং এন্ড কোম্পানীর প্রেসিডেন্ট ও CEO, এবং আমি সিটি কাউন্সিল নির্বাচনে প্রতিদ্বন্দিতা করছি।

আমার ডিস্ট্রিক্ট এ কতকগুলি মৌলিক প্রয়োজনীয়তা নিম্নে তুলে ধরা হলো:

(১) স্যান্ডি প্রকোপে পতিত এলাকাগুলিকে পুনর্গঠন প্রয়োজন যে ক্ষেত্রে FEMA এর তহবিল ব্যবহারে বড় রকমের জবাবদিহিতার ব্যবস্থা সৃষ্টি করতে হবে।

(২) যুবকদের জন্য চাকুরী সেই সাথে যারা এখনও পড়ালেখা করছে তাদের জন্য ভলান্টিয়ার কার্যক্রম।

(৩) মান সম্মত পরিচর্যার এবং বয়স্কদের জন্য আমোদ প্রমোদের সুযোগ প্রদান।

(৪) সামরিক বাহিনীতে চাকুরীরত আমাদের নারী ও পুরুষদের জন্য ব্যাপক সেবা প্রদান।

নির্বাচিত হওয়ার পরে অন্যান্য যে বিষয়গুলিতে মনোযোগ দেয়া হবে:

(১) পুলিশ এবং সমাজের মধ্যে বৃহত্তর সহযোগিতার ক্ষেত্র তৈরী করতে হবে।

(২) ডিস্ট্রিক্ট এর প্রতিটি অংশে বেসামরিক টহলদারী দল তৈরী করতে হবে যা স্থানীয় সংগঠন কর্তৃক পরিচালিত হবে।

(৩) বন্যার প্রাদুর্ভাব কমানোর জন্য DEP এর কার্যক্রম বৃদ্ধি করতে হবে যা সমাজের নর্দমাগুলি পরিষ্কার রাখবে।

এই অফিসের জন্য আমি সর্বাপেক্ষা উত্তম প্রার্থী কারণ হচ্ছে আমার নির্বাহী এবং পেশাগত দক্ষতা। আমি জানি কি ভাবে চাকুরী সৃষ্টি করতে হয় এবং জন সাধারণের দক্ষতার উন্নয়ন করতে হয় এবং প্রতিভা যাতে তাঁরা সম্ভাবনার দ্বার প্রান্তে পৌঁছিতে পারে। আমি বুঝতে পারি যে কর্মী পরিবারের লোকজনদের সেবার প্রয়োজন। তাঁদের প্রয়োজন অধিকতর ভাল স্কুল এবং নিরাপদ সড়ক। তাঁদের জানার প্রয়োজন যে তাঁদের ছেলেমেয়েরা এবং বয়স্ক পিতামাতা যারা অবসর গ্রহন করেছেন তাদের মান সম্মত পরিচর্যার প্রয়োজন এবং তাঁদের কমিউনিটিতে বিনোদনের প্রয়োজন। ইহাই কারণ যে আমি সিটি কাউন্সিলের নির্বাচনে প্রতিদ্বন্দিতা করছি। আমার প্রচারাভিযানে আমার সহিত যোগদান করুন যে সমস্ত কাজ আমি করবো সেগুলির উন্নয়নের জন্য। আমাদের ওয়েবসাইট brown4ny.com দেখুন বা কোন প্রশ্ন থাকলে আমাদেরকে কল করুন বা যদি আপনি আমাদের প্রচারাভিযানে স্বেচ্ছাসেবী হতে চান। নির্বাচনের দিন ভোট দিন।

প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।